সংবাদ

তারিখ ... 26 NOV 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

# শাবিতে ভর্তি পরীক্ষা আজ

## জালিয়াতি ঠেকাতে কঠোর অবস্থানে প্রশাসন

**প্রতিনিধি, শাবি**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা আজ অনুষ্ঠিত হবে। সকাল সাড়ে ৯টায় 'এ' ইউনিটের এবং দুপুর আড়াইটায় 'বি' ইউনিটের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ দুই ইউনিটের ভর্তি পরীক্ষা শাবিপ্রবির ৮টিসহ সিলেট নগরীর মোট ৪২টি কেন্দ্রে একযোগে অনুষ্ঠিত হবে।

ভর্তি কমিটি সদস্য সচিব অধ্যাপক এএইচএম বেলায়েত হোসাইন জানান, এ শিক্ষাবর্ষে ২৮টি বিভাগে মোট ১,৫৫৫টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৫৪ হাজার ৩৫ জন শিক্ষার্থী। 'এ' ইউনিটে পৃথকভাবে ৬১৩টি আসনের বিপরীতে আবেদন করেছেন ১৮,৪৮৮ জন এবং 'বি' ইউনিটে ৯৫০টি আসনের বিপরীতে আবেদন করেছেন ৩৫,৫৪৭ জন শিক্ষার্থী।

এদিকে ভর্তি পরীক্ষায় জালিয়াতি ঠেকাতে কঠোর অবস্থানে রয়েছে বলে জানান ভর্তি কমিটির সভাপতি অধ্যাপক ড. নিয়াজ আহমেদ। এছাড়া জালিয়াতি সম্বলিত গুজব ছড়ালে আইসিটি আইনে ব্যবস্থা নেবে শাবি প্রশাসন। পরীক্ষার হলে মোবাইল ফোনসহ যেকোন ধরনের ডিভাইস নিয়ে প্রবেশে নিষেধাজ্ঞা রয়েছে বলে জানান তিনি।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক রাশেদ তালুকদার জানান, যেকোন ধরনের অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে ক্যাম্পাসে কোন ধরনের রাজনৈতিক কর্মকাণ্ড, মিছিল-মিটিং ও সহযোগিতার নামে বুথ বা ব্যানার টানাতে নিষেধাজ্ঞা জারি করেছে প্রশাসন। সব গুরুত্বপূর্ণ স্থানগুলোতে সিসি ক্যামেরার মাধ্যমে মনিটরিং করা হচ্ছে।

এছাড়া ভর্তি সংক্রান্ত যেকোন তথ্যের জন্য ০১৫৫৫৫৫৫০০১-৪ হটলাইননে অথবা admission@sust.ed এই ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করে জানা যাবে।